

প্রেস রিলিজ

বিসিএস প্রশাসন একাডেমিতে আইন ও প্রশাসনে কোর্সের সমাপনী

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে ১০০তম এবং ১০১তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠিত হয়েছে। ১ জুন বৃহস্পতিবার সকালে একাডেমির মিলনায়তনে অনুষ্ঠিত এ সমাপনী অনুষ্ঠানে বিসিএস প্রশাসন ক্যাডারের ৭২ জন কর্মকর্তা সনদ গ্রহণ করেন।

বিসিএস প্রশাসন একাডেমি মূলত প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে থাকে। আইন ও প্রশাসন কোর্সটি বিসিএস প্রশাসন ক্যাডারের নবীন কর্মকর্তাদের জন্য পাঁচ মাস মেয়াদি একটি মৌলিক প্রশিক্ষণ। ১০০তম এবং ১০১তম আইন ও প্রশাসন কোর্সটি ২০১৭ সালের ১ জানুয়ারি শুরু হয়ে এ সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে সমাপ্ত হলো। প্রশাসন ক্যাডারের ২৯, ৩০, ৩১ এবং ৩৩তম ব্যাচের ৭২ জন কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করে সবাই সাফল্যের সাথে প্রশিক্ষণ সমাপ্ত করেন।

এ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান। তিনি প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ শেষে নবীন কর্মকর্তাদের উদ্দেশে বক্তব্য প্রদান করেন। তিনি কর্মকর্তাদেরকে দেশপ্রেম, সততা ও নিয়মানুবর্তিতায় উদ্বুদ্ধ হয়ে নিজ নিজ কর্মস্থলে সাধারণ মানুষের সেবায় নিজেদের নিয়োজিত করার আহবান জানান। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকাদার এনডিসি।

Press Release

Training Closing Ceremony Held in BCS Administration Academy

The Closing Ceremony of 100th and 101st Law and Administration Courses held in Bangladesh Civil Service Administration Academy. 72 BCS Cadre officials received their certificates in this ceremony at the auditorium of the Academy on 1st June, Thursday.

BCS Administration Academy mainly offers training for the administrative cadre officials. Law and Administration Course is a five-months long training designed for newly recruited administrative officers. 100th and 101st Law and Administration Course started on the 1st January, 2017 and concluded through this closing ceremony. 72 officers from 29, 30, 31 and 33rd Batch participated this training and all of them successfully completed.

Senior Secretary of the Ministry of Public Administration Dr. Md. Mozammel Haque Khan graced the ceremony as the Chief Guest. He distributed the certificates of successful completion among the trainees. Later in his speech he asked the officers to be inspired by patriotism, integrity and discipline and to dedicate themselves in serving the common people in their respective workplaces. The program was chaired by the Rector of the Academy, Secretary-in-Charge Mr. Md Anwarul Islam Sikder, ndc.